

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা

[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.২৫৯.২২-১৩২

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ  
২০ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: নাউরী আহমদীয়া উচ্চ বিদ্যালয়, মতলব উত্তর, চাঁদপুর এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উভয়টি অবাবের বিষয়ীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।


সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.১০৯.২০২১/০৭; তারিখ: ১১/০১/২০২২ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

(২) ডিআইএ/চাঁদপুর/১৫২০-এস/চট্ট:৬২; তারিখ: ০৮/০৭/২০১৯ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১২/১২/২০১৬ খ্রি. চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলাধীন নাউরী আহমদীয়া উচ্চ বিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিয়ন্ত্রিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. প্রতিষ্ঠানের দারীকৃত মোট জমির পরিমাণ ৩.৪৯ একর। প্রতিষ্ঠানের মোট হালসন পর্যন্ত খাজনা পরিশোধ করে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
- খ. সহকারী গ্রহণারিক জনাব আজিজুল হককে জাতীয় বিশ্ববিদ্যালয় বা সরকার অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত লাইসেন্স সনদ এ কার্যালয়ে প্রদর্শন করতে হবে;
- গ. বিগত পরিদর্শনে প্রধান শিক্ষক জনাব মো. আবু ইউসুফ কর্তৃক অতিরিক্ত গৃহীত ১০০০/- টাকা, সহকারী শিক্ষক জনাব মোকশেদুর রহমান কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫,০৭০/- টাকা, প্রাক্তন শরীরচর্চা শিক্ষক জনাব মো. সোলাইমান কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫৬২/- টাকা, সহকারী শিক্ষক জনাব মোহাম্মদ তোফাইল আহমেদ কর্তৃক অতিরিক্ত গৃহীত ৩,০১৫/- টাকা এবং জনবল বর্হিতু প্রাক্তন শিক্ষক কর্তৃক অতিরিক্ত গৃহীত ২৪,৫৫০/- টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তি করা হল।
- ঘ. প্রতিষ্ঠানে প্যাটার্ন উদ্বৃত্ত হিসেবে দুই জন ৪ৰ্থ শ্রেণির কর্মচারী রয়েছে, উক্ত পদ শুন্য হলে নতুন করে নিয়োগ প্রদান করা যাবে না;
- ঙ. স্টক রেজিস্টার, ফাইল রেজিস্টার, নিয়োগ রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার যথাযথভাবে পরিচালনা ও সংরক্ষণ করতে হবে;
- চ. ক্রয় কমিটি গঠন করে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন ক্রয় সম্পর্ক করতে হবে;
- ছ. সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে করতে হবে;
- জ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও ট্রেডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পর্ক করতে হবে;
- ঝ. প্রতিষ্ঠানের সকল আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পর্ক করতে হবে;
- ঞ. বায়ের ভাউচার সমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে;
- ট. প্রতিষ্ঠান প্রধানকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্থান করে আপ-টু-ডেট হিসাব সংরক্ষণ করতে হবে;
- ঠ. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে;
- ড. বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ডিপ্তি করে বাজেট প্রণয়ন করতে হবে এবং বাজেট অনুযায়ী আয়-ব্যয় নির্বাহ করতে হবে;
- ঢ. প্রতিটি শ্রেণিতে সাংশাহিক ক্লাস পরীক্ষা, মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে;
- ণ. শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে;
- ত. প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট কর্তৃন করতে হবে এবং আয়কর রিটার্ন জমা দানের মাধ্যমে আয়কর পরিশোধ করতে হবে;
- থ. প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পক্ষতি চালু করতে হবে;
- দ. প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা সংজ্ঞান পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের বাস্তবায়ন করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মোহাম্মদ আকবর আলী)  
১৪২৭/২০২২

## প্রধান শিক্ষক

নাউরী আহমদীয়া উচ্চ বিদ্যালয়, মতলব উত্তর, চাঁদপুর

উপসচিব

ফোন: ০২৫৫১০৮১৭

## সদয় অবগতির জন্য অনুলিপি:

১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম/কুমিল্লা অঞ্চল

৫। জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মতলব উত্তর, চাঁদপুর

৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৮। অফিস কপি।